

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ অধিশাখা

স্মারক নং-৪৬.০১৭.০২৮.০০.০০.০২১.২০১৫. ৭৫২

তারিখ : ১৫ ভাদ্র, ১৪২৩।
৩০ আগস্ট, ২০১৬।

বিষয় : নোয়াখালী জেলার হাতিয়া উপজেলার সুখচর ইউনিয়ন পরিষদ পুনর্গঠন সংক্রান্ত।

সূত্র : জেলা প্রশাসক, নোয়াখালী কার্যালয়ের পত্র নং-৫৪৪, তারিখ : ১৮.০৮.২০১৬।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ১৭ এর বিধান অনুযায়ী কোন পরিষদের অন্তর্ভুক্ত সম্পূর্ণ বা আংশিক এলাকা নদী ভাঙ্গন অথবা অন্য কোন প্রাকৃতিক দুর্যোগের কারণে বিলীন বা বিলুপ্ত হইয়া গেলে সরকার, উক্ত পরিষদ বিধি অনুযায়ী বাতিল বা পুনর্গঠন করিবে এবং পুনর্গঠনের ক্ষেত্রে নতুন পরিষদ গঠন না হওয়া পর্যন্ত বিদ্যমান পরিষদ এই আইনের বিধান অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করার নির্দেশনা রয়েছে। ফলে এ ক্ষেত্রে জেলা প্রশাসকের প্রস্তাব মোতাবেক উল্লিখিত ইউনিয়ন দুটি বাতিল করে ৬ সদস্য বিশিষ্ট প্রশাসনিক কমিটি গঠনের সুযোগ নেই।

০২। এমতাবস্থায়, নোয়াখালী জেলার হাতিয়া উপজেলার সুখচর ও নলচিড়া ইউনিয়নের বেশিরভাগ ভূমি নদীগর্ভে বিলীন হওয়ায়, উক্ত ইউনিয়ন পরিষদ দুটির অধিকাংশ সদস্য অন্য ইউনিয়নে বসবাস করছেন ও ভোটার হয়েছেন, ১জন সদস্য মৃত্যুবরণ করেছেন এবং উভয় ইউপি সর্বশেষ সাধারণ নির্বাচন ২০০৩ সালের পর অধ্যাবধি হয়নি বিধায় পত্র জারীর তারিখ হতে সর্বোচ্চ ৩(তিন) মাসের মধ্যে নোয়াখালী জেলার হাতিয়া উপজেলার সুখচর ও নলচিড়া ইউনিয়নের অবশিষ্ট ওয়ার্ডসমূহকে ৯টি ওয়ার্ডে বিভক্ত করত: সীমানা নির্ধারণ কার্যক্রম সমাপ্ত করে জরুরী ভিত্তিতে নির্বাচনের ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মোঃ মাহাবুবুর রহমান)

উপসচিব

☎ ৯৫৮৬৬০৫

Email : lgup1@lgd.gov.bd

জেলা প্রশাসক
নোয়াখালী।

অনুলিপিঃ

০১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শেরে-বাংলানগর, ঢাকা।

০২। উপজেলা নির্বাহী অফিসার, হাতিয়া, নোয়াখালী।

০৩। সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।